

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়  
শরীয়তপুর।  
(স্থানীয় সরকার শাখা)  
[www.shariatpur.gov.bd](http://www.shariatpur.gov.bd)

স্মারক নম্বর-০৫.৩০.৮৬০০.০১০.০৩.০৪২.২০১৯- ২৬২(৯০৩)

তারিখ : ১১-০৯-২০১৯ খ্রি.

**“নিয়োগ বিজ্ঞপ্তি”**

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ধীন, স্থানীয় সরকার বিভাগ, ঢাকা এর ০৮ জুলাই ২০১৯ তারিখের ৪৬.০০.০০০০.০১৮.০৪.০০১.১৭-২৩৫ নম্বর স্মারকের ছাড়পত্র মোতাবেক শরীয়তপুর জেলার বিভিন্ন ইউনিয়ন পরিষদের জন্য নবসৃষ্ট ‘হিসাব সহকারী কাম-কম্পিউটার অপারেটর’ পদে অস্থায়ী ভিত্তিতে ১১টি পদে লোক নিয়োগের নিমিত্ত শরীয়তপুর জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে স্বহস্তে লিখিত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম	বেতন স্কেল	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা
০১	হিসাব সহকারী কাম- কম্পিউটার অপারেটর	৯৩০০-২২৪৯০/- টাকা (জাতীয় বেতনস্কেল/২০১৫)	১১ (এগার) টি	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে বাণিজ্য বিভাগে অন্যান্য দ্বিতীয় বিভাগ অথবা সমমানের জিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। (খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত এবং (গ) কম্পিউটার টাইপিং এ প্রতি মিনিটে সর্বনিম্ন গতি বাংলা ২০(বিশ) শব্দ ও ইংরেজি ২০(বিশ) শব্দ।

**আবেদনের শর্তাবলী :**

- ০১। প্রার্থীকে জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক ও শরীয়তপুর জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
- ০২। হিসাব সহকারী কাম-কম্পিউটার অপারেটরদের বেতনের ৭৫% সরকারি অনুদান থেকে ও ২৫% ইউনিয়ন পরিষদের নিজস্ব আয় থেকে নির্বাহ করা হবে।
- ০৩। অগ্রহী প্রার্থীগণকে আগামী ০৩/১০/২০১৯ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে (বিকেল ৫:০০ ঘটিকার মধ্যে) সরাসরি/ ডাকযোগে আবেদন করতে হবে। বিলম্বে প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে।
- ০৪। প্রার্থীর বয়সসীমা আগামী ০৩/১০/২০১৯ খ্রি. তারিখে ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধাদের পোষ্যদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
- ০৫। আবেদনপত্রে (ক) প্রার্থীর পূর্ণ নাম (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জাতীয়তা (ছ) জন্ম তারিখ ও বয়স (০৩/১০/২০১৯ খ্রি. তারিখে) (জ) ধর্ম (ঝ) জেভার (পুরুষ/মহিলা) (ঞ) শিক্ষাগত যোগ্যতা (ট) অভিজ্ঞতা (যদি থাকে) (ঠ) কোটা (যেমন- মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা, এতিম/শারীরিক প্রতিবন্ধী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য ইত্যাদি) (ড) অভিজ্ঞতা (যদি থাকে) (ঢ) যোগাযোগ- মোবাইল/ই-মেইল (যদি থাকে) (ণ) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর ও বিবরণ ইত্যাদি উল্লেখ করতে হবে।
- ০৬। আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে :  
(ক) মেয়র, পৌরসভা/চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র;  
(খ) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার মূল/সাময়িক সনদপত্রের সত্যায়িত অনুলিপি (১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত ৯ম গ্রেডের নীচে নয়);  
(গ) সদ্য তোলা ০৪ (চার) কপি পাসপোর্ট আকারের রঙিন ছবি (১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত ৯ম গ্রেডের নীচে নয়);  
(ঘ) প্রার্থীকে আবেদনের সাথে জেলা প্রশাসক, শরীয়তপুর এর অনুকূলে যেকোন তফসিলি ব্যাংক হতে ৫০০ (পাঁচশত) টাকা মূল্যের ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার (অফেরতযোগ্য);  
(ঙ) জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত কপি।
- (চ) নির্ভুল ঠিকানায় প্রবেশপত্র ইস্যুর স্বার্থে আবেদনপত্রের সাথে নিজ নাম ও পূর্ণ ঠিকানা সম্বলিত ১০.৫" X ৪.৫" সাইজের ১০ (দশ) টাকা মূল্যমানের অব্যবহৃত ডাকটিকিটসহ ০১ (এক) টি ফেরৎ খাম;
- ০৭। বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পোষ্যদের (সন্তান/নাতি/নাতনির) ক্ষেত্রে প্রার্থীকে আবেদনপত্রের সাথে তাঁর পিতা/মাতা/পিতামহ/মাতামহের মুক্তিযোদ্ধা সার্টিফিকেট (উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত) এর ফটোকপি যা ১ম শ্রেণী গেজেটেড কর্মকর্তা (৯ম গ্রেডের নীচে নয়) নাম, পদবীর সীল স্বাক্ষরসহ সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে। এছাড়া বীর মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার সাথে আবেদনকারীর সম্পর্কের বিষয়ে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট সংযুক্ত করতে হবে।
- ০৮। প্রতিবন্ধীদের ক্ষেত্রে উপ-পরিচালক, সমাজ সেবা অধিদপ্তর, শরীয়তপুর এর নিকট থেকে তালিকাভুক্তির সনদপত্রের কপি, এতিমখানার নিবাসীদের ক্ষেত্রে এতিমখানার তত্ত্বাবধায়কের নিকট থেকে প্রত্যয়নপত্রের কপি এবং আনসার/ভিডিপি'র ক্ষেত্রে জেলা কমান্ড্যান্ট কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে।
- ০৯। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, স্বাক্ষরবিহীন, ভুল তথ্য সম্বলিত এবং বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- ১০। সকল সত্যায়নের ক্ষেত্রে সত্যায়নকারী কর্মকর্তার সুস্পষ্ট নাম, পদবী ও সীল থাকতে হবে।
- ১১। চাকুরীরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র দাখিল করতে হবে। আবেদনপত্রের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য নয়।
- ১২। কোটা সম্পর্কিত সর্বশেষ প্রচলিত সরকারি নীতিমালা অনুসরণ করা হবে। এক্ষেত্রে প্রার্থীকে কোটা দাবীর সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত কপি জমা দিতে হবে।

- ১৩। খামের উপরে স্পষ্টাক্ষরে পদের নাম ও কোটার নাম উল্লেখ করতে হবে।
- ১৪। লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ১৫। আবেদনকারী কোন তথ্য গোপন বা ভুল তথ্য প্রদান করে চাকুরীতে নিয়োগপ্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করা হবে এবং আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ১৬। নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এক্ষেত্রে কোন আপত্তি গ্রহণযোগ্য নয়।
- ১৭। কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ কার্যক্রম স্থগিত, সময় পরিবর্তন বা বাতিল, পদসংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তিতে উল্লেখিত শর্তাবলী সংশোধন বা পরিবর্তনের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।



(কাজী আবু তাহের)

জেলা প্রশাসক

শরীয়তপুর।

টেলিফোন : ০৬০১-৬১৬১০

ফ্যাক্স : ০৬০১-৬১৪৭৬।


ই-মেইল: dcshariatpur@mopa.gov.bd

স্মারক নম্বর-০৫.৩০.৮৬০০.০১০.০৩.০৪২.২০১৯-২৬২(১০০)

তারিখ : ১১/০৯-২০১৯ খ্রি.

অনুলিপি : সদয় অবগতির জন্য -

- ০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
- ০৩। পরিচালক, স্থানীয় সরকার, ঢাকা বিভাগ, ঢাকা।
- ০৪। জেলা প্রশাসক ----- (সকল)।  
অনুলিপি: অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো -
- ০১। পুলিশ সুপার, শরীয়তপুর।
- ০২। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, শরীয়তপুর।
- ০৩। মেয়র, শরীয়তপুর সদর/ডামুড্যা পৌরসভা, শরীয়তপুর।
- ০৪। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, শরীয়তপুর।
- ০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল) শরীয়তপুর।
- ০৬। উপজেলা নির্বাহী অফিসার, শরীয়তপুর সদর/জাজিরা/নড়িয়া/ভেদরগঞ্জ/ডামুড্যা/গোসাইরহাট, শরীয়তপুর।
- ০৭। মেয়র, জাজিরা/নড়িয়া/ভেদরগঞ্জ পৌরসভা, শরীয়তপুর।
- ০৮। প্রশাসক, গোসাইরহাট পৌরসভা, শরীয়তপুর।
- ০৯। জেলা তথ্য অফিসার, শরীয়তপুর। (তাঁকে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ১০। সম্পাদক, দৈনিক -----। বর্ণিত বিজ্ঞপ্তিটি আগামী ১৪/০৯/২০১৯ খ্রি. তারিখের মধ্যে ভিতরের পাতায় ০৩ কলামে ৮ ইঞ্চি সাইজে (সাদা কালো) এক সংখ্যায় একদিন প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ১১। চেয়ারম্যান----- ইউনিয়ন পরিষদ (সকল), শরীয়তপুর।
- ১২। নোটিশ বোর্ড, জেলা প্রশাসকের কার্যালয়, শরীয়তপুর।
- ১৩। অফিস কপি।



(জেলা প্রশাসক)

শরীয়তপুর।